

প্রতিবেদন

*****নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত করে
বর্তমানে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বৃদ্ধি সম্পর্কে একটি প্রতিবেদন
রচনা করো।

- * দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণ?
- * কিসের অভাবে বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি পরিলক্ষিত হচ্ছে?
- * নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বৃদ্ধি ফলে বাজার পরিস্থিতির বর্তমান
অবস্থা, * এ মুহূর্তে করণীয় পদক্ষেপ।

নমুনা উত্তর:

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি জনজীবনে দুর্ভোগ

প্রতিবেদকের নাম ; তারিখ:সাল প্রতিবেদনের স্থান:

অতি সম্প্রতি সাধারণের ব্যবহার্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে
জনজীবনে নেমে এসেছে চরম দুর্ভোগ। বলাবাহুল্য, বর্তমানে বেশির ভাগ দ্রব্যের মূল্য
ক্রেতাসাধারণের

ক্রয়ক্ষমতার বাইরে। আকস্মিক ও অস্বাভাবিক এ মূল্য বৃদ্ধির বহু কারণ রয়েছে।

যেমন:

১। এ দেশে প্রায়ই দেখা যায়, মুনাফালোভী মজুদদাররা অধিক মুনাফা লাভের আশায়
দ্রব্যের দাম বাড়িয়ে দেয়।

২। সরকারি কর্মচারীদের ভাতা বৃদ্ধি অন্যতম কারণ। দেশের একটি ক্ষুদ্রতম অংশ
ভাতা পেলেও এর ফলে ক্ষতির শিকার হয় সমাজের বৃহত্তম অংশ।

৩। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুষ্ঠু নীতিমালার অভাবেও বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি পরি
লক্ষিত হয়।

৪। ব্যবসায়ীরা সিভিলিকিট তৈরি করে দ্রব্যমূল্য বৃদ্ধি করে।

অপ্রত্যাশিত এমন মূল্য বৃদ্ধি এ দেশে নতুন নয়। প্রতিদিন সকালে বাজারে ঢুকেই এ
দেশের মানুষ জানতে পারে মূল্য বৃদ্ধির খবর।

অনেক সময় দাম বাড়ার যৌক্তিক কোনো কারণ থাকে না। অথচ বিশ্বের যেকোনো

দেশের ক্ষেত্রে জনগণকে জানিয়ে এমনটি ঘটলে জনগণ তাৎক্ষণিকভাবে ক্ষুব্ধ হ
য়ে পড়ে। ফলে জনসাধারণের কাছে সরকারকে জবাবদিহি করতে হয়। তারা কখনো
কৃত্রিম সংকট সৃষ্টি করেছে, কখনো বা চোরাকারবারের মাধ্যমে সেই কৃত্রিম সংকটের
শূন্যতা পূর্ণ করেছে। এভাবেই দেশি মুদ্রা ও পণ্য-

এ দুটি পথেই মার খাচ্ছে। পাশাপাশি জনসাধারণের ক্রয়ক্ষমতাও হ্রাস পাচ্ছে। এরই
পরিপ্রেক্ষিতে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ জরুরি। কেননা, গড়পড়তা আয়ের সঙ্গে
সামঞ্জস্য একটি বাজারব্যবস্থা যেকোনো দেশের সরকারের কাছে তার জনগণের প্রা
ণের দাবি।

দ্রব্যমূল্যের এ ঊর্ধ্বগতি থেকে পরিত্রাণের জন্য সরকারি ও বেসরকারি অভিজ্ঞমহলে
র সুদৃষ্টি অবশ্যই থাকা উচিত।

প্রতিবেদকের নাম ও ঠিকানা :

প্রতিবেদনের

তারিখ :

প্রতিবেদন তৈরির সময় :